

22913 - রমজান মাসে মুখের দুর্গন্ধ দূরকারী উপাদান ব্যবহার

প্রশ্ন

প্রশ্ন: মুখ সুগন্ধিময় করার জন্য ফার্মেসীতে বিশেষ ধরনের পারফিউম পাওয়া যায়। সেটা এক ধরনের স্প্রে। রমজান মাসে দিনের বেলায় মুখের দুর্গন্ধ দূর করতে এ ধরনের পারফিউম ব্যবহার করা জায়েয আছে কি?

প্রিয় উত্তর

রোজা অবস্থায় মুখ সুগন্ধিকর এই স্প্রের পরিবর্তে মিসওয়াক করাই যথেষ্ট। মিসওয়াক করার ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উদ্বুদ্ধ করেছেন। তবে কেউ যদি এই স্প্রে ব্যবহার করে এবং সেটা তার গলার ভিতরে না পৌঁছে, তবে এতে কোন অসুবিধা নেই। এখানে উল্লেখ্য, রোজার কারণে রোজাদারের মুখে সৃষ্ট গন্ধকে অপছন্দ করা উচিত নয়। কারণ এটি আল্লাহ তাআলার একটি পছন্দনীয় আনুগত্য পালনের আলামত। হাদিসে রয়েছে-

(خلوف فم الصائم أطيب عند الله من ريح المسك)

“রোজাদারের মুখের গন্ধ আল্লাহর নিকট মিসকের সুবাসের চেয়েও অধিক সুগন্ধিময়।”